

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

www.caab.gov.bd

স্মারক নং: ৩০.৩১.০০০০.২১১.৩২.৫১৫.১৯-১০ টেক্সেট

Ace/150/2020/1516/2820

তারিখ: ২৭/০৬/২০২০ খ্রি:

বিষয়: শুণগতমানসম্পন্ন মালামাল সরবরাহ না করায় পেশাগত অসদাচরণ এর অভিযোগে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ (সংশোধিত) এর ধারা ৬৪ (৬) অনুযায়ী বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের চলমান ক্রয় কার্যক্রমসহ ভবিষ্যতে কর্তৃপক্ষের সকল ক্রয় কার্যক্রমে মালিকন সিস্টেমকে অনিদিষ্ট যোগাদে অংশগ্রহণের অযোগ্য ঘোষণা।

সিএএবি, সদর দপ্তরের বিভিন্ন শাখায় ব্যবহারের জন্য বিভিন্ন প্রকার ফটোকপিয়ার ও কম্পিউটার মেশিনের কালি/টোনার সরবরাহকরণ কাজের নিমিত্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে রেসপন্সিভ দরদাতা হিসেবে মালিকন সিস্টেম, ২৮/সি-৩, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, সি.এ, ঢাকাকে ৩৪, ৭৬, ৫৬১.৬৩৯ (চৌক্ষিক লক্ষ ছয়ান্তর হাজার, পাঁচশত একষষ্ঠি দশমিক ছয় তিন নয়) টাকার (NOA) কার্যাদেশ প্রদান করা হয়। (কপি সংযুক্ত)। সে প্রেক্ষিতে মালিকন সিস্টেম ১ম, ২য় ও ৩য় লটের মালামাল সরবরাহ করে।

২.০ সরবরাহকৃত ১ম লটের কালি/টোনারগুলো অত্যন্ত নিম্নমানের এবং ব্যবহার অনুপযোগী হওয়ায় ২৯/০৫/২০১৯ তারিখের মধ্যে শুণগতমান সম্পন্ন কালি/টোনার সরবরাহ করার জন্য গত ২৭/০৫/২০১৯ তারিখে মালিকন সিস্টেমকে পত্র দেওয়া হয়। পরবর্তীতে মালিকন সিস্টেম এর আবেদনের প্রেক্ষিতে উক্ত সময় প্রথমত ১০/০৬/২০১৯ তারিখ পর্যন্ত এবং দ্বিতীয়ত ১৮/০৬/২০১৯ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি করা হয়। মালিকন সিস্টেম গত ১৮/০৬/২০১৯ তারিখে চালানের মাধ্যমে ১ম লটের মালামাল পুনরায় সরবরাহ করে। উক্ত মালামালের মধ্যে গত ২৭/০৬/২০১৯ তারিখে ০৫টি এবং গত ২৫/০৭/২০১৯ তারিখে ০৫টি কালি/টোনার ক্রটিপূর্ণ হওয়ায় পরিবর্তন করার জন্য ফেরত প্রদান করা হয়।

৩.০ তাহাড়া ২৬/০৯/২০১৯ তারিখে সরবরাহকৃত ২য় লটের মালামালও ক্রটিপূর্ণ থাকায় বিভিন্ন সময়ে কালি/টোনার পরিবর্তন করে দেওয়ার জন্য মালিকন সিস্টেমকে ফেরত প্রদান করা হয় এবং পরিবর্তনও করে দেয়। গত ২৪/১২/২০১৯ তারিখে সরবরাহকৃত ৩য় লটের কালি/টোনারগুলোও শুণগতমান সম্পন্ন না হওয়ায় ব্যবহারে সমস্যা হচ্ছে মর্মে সিএএবি'র বিভিন্ন কর্মচারিদের নিকট হতে নানা রকম অভিযোগ পাওয়া যায় এবং কিছু টোনার/কালি পরিবর্তন করে দেওয়ার জন্য মালিকন সিস্টেমকে ফেরত পাঠানো হয়। সে প্রেক্ষিতে ২৭/০১/২০২০ তারিখে মালিকন সিস্টেমকে ক্রটিপূর্ণ মালামাল ফেরত নিয়ে সোল ডিস্ট্রিবিউটর এর নিকট হতে শুণগতমান সম্পন্ন কালি/টোনার সংগ্রহ করে সোল ডিস্ট্রিবিউটর এর চালানসহ কালি/টোনার পুনরায় ০৫ (পাঁচ) দিনের মধ্যে সরবরাহ করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু শুণগতমান সম্পন্ন কালি/টোনার সরবরাহ করার জন্য অনুরোধ করা হলেও তা প্রতিপালন না করে বিভিন্ন ধরনের অপ্রাসঙ্গিক কথা উল্লেখ করতঃ অন্ত কর্তৃপক্ষে পত্র প্রেরণ করেন; যা অনভিপ্রেত ও পিপিআর ২০০৮ এর ১২৭ বিধি ২(খ) অনুযায়ী "পেশাগত অসদাচরণ" হিসেবে গণ্য মর্মে কর্তৃপক্ষ কর্তৃক জানানো হয়।

৪.০ পুনরায় সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে ৩য় লটের সরবরাহকৃত কালি/টোনার ফেরত নিয়ে ভাল ও উন্নতমানের কালি/টোনার (চুক্তি মোতাবেক) ০৩(তিনি) কর্মদিবসের মধ্যে সরবরাহের জন্য পুনরায় অনুরোধ করা হয়। অন্যথায়, পিপিআর ২০০৮ এর ১২৭ বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয়। বারবার বলা সত্ত্বেও কার্যাদেশ অনুযায়ী শুণগতমানসম্পন্ন মালামাল সরবরাহ না করায় পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ (সংশোধিত) এর ধারা ৬৪ (৬) অনুযায়ী প্রতারণামূলক কাজে লিঙ্গ হওয়ায় মালিকন সিস্টেমকে ব্যাখ্যা তলব করা হয়। উক্ত ব্যাখ্যার জবাব প্রতিষ্ঠানের স্বার্থের সম্পূর্ণ পরিপন্থী; যা কর্তৃপক্ষ কর্তৃক সংশোধনক বিবেচিত হয়নি।

৫.০ এমতাবস্থায়, শুণগতমানসম্পন্ন মালামাল সরবরাহ না করায় মালিকন সিস্টেমকে "পেশাগত অসদাচরণ" এর অভিযোগে পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ (সংশোধিত) এর ধারা ৬৪ (৬) অনুযায়ী বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের সকল ক্রয় কার্যক্রমে অনিদিষ্ট যোগাদে অংশগ্রহণের অযোগ্য ঘোষণা করা হলো।

মোঃ জহিরল ইসলাম
(পরিচালক প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
ফোন-৮৯০১৪১২
মেইল: dadmin@caab.gov.bd

মালিকন সিস্টেম
২৮/সি-৩, টয়েনবি সার্কুলার রোড (২য় তলা)
মতিঝিল সি/এ, ঢাকা-১০০০।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট এন্ড টেকনিক্যাল ইউনিট (সিপিটিই), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
- প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- পরিচালক, হ্যারত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- পরিচালক, (সেমসু)/(সিএটিসি) সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সিডিল)/(ই/এম)/(পিএভডি/কিউএস) সার্কেল, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- পরিচালক (যোগাযোগ), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- নির্বাহী প্রকৌশলী (সিডিল বিভাগ-১,২,৩) / নির্বাহী প্রকৌশলী (ই/এম বিভাগ-১,২,৩), সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- সকল বিমানবন্দর ব্যবস্থাপক-----

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- সকল সদস্য, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- চেয়ারম্যানের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।